

শনিবার

মানবজমিন

২৮শে সেপ্টেম্বর ২০২৪



সাউথইস্ট ব্যাংকে ফিরলেন কাশেম, আজিম ও রেহানা

স্টাফ রিপোর্টার: সাউথইস্ট ব্যাংকের পরিচালনা পর্ষদে ফিরেছেন সাবেক চেয়ারম্যান এমএ কাশেম ও পরিচালক আজিম উদ্দিন আহমেদ ও রেহানা রহমান। গত ২০২২ সালে তারা পর্ষদ থেকে বাদ পড়েছিলেন। সরকার পরিবর্তনের পর তারা পর্ষদে যুক্ত হন। গত বুধবার ব্যাংকটির ২৯তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) অংশ নেন। গত ৫ই আগস্ট সরকার পরিবর্তনের পর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে ট্রাস্টি পদ ফিরে পান এমএ কাশেম, আজিম উদ্দিন আহমেদ, রেহানা রহমানসহ ১২ জন ট্রাস্টি। তাদের ২০২২ সালের আগস্টে ট্রাস্টি বোর্ড থেকে বাদ দেয়া হয়। পদ ফিরে পাওয়ার পর আজিম উদ্দিন আহমেদ এরই মধ্যে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হয়েছেন। এমএ কাশেম, আজিম উদ্দিন আহমেদ ও রেহানা রহমান নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড থেকে বাদ পড়ার পরপরই সাউথইস্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ থেকেও বাদ পড়েন। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি পদ ফিরে পাওয়ার পর তারা এখন সাউথইস্ট ব্যাংকের পরিচালক পদও ফিরে পেলেন। এর মধ্যে এমএ কাশেম নির্বাহী কমিটির চেয়ারম্যান হয়েছেন। তিনি ব্যবসায়ী শিল্পপতিদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই'র সাবেক সভাপতি। বুধবার সাউথইস্ট ব্যাংকের ২৯তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ডিজিটাল প্ল্যাটফর্মে চেয়ারম্যান আলমগীর

কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় চেয়ারম্যান আলমগীর কবির, বে লিজিং অ্যান্ড ইনভেস্টমেন্টের প্রতিনিধি মনিরুজ্জামান খান ও এশিয়া ইন্স্যুরেন্সের প্রতিনিধি রফিকুল ইসলাম পরিচালক পদ থেকে পদত্যাগ করেন। আলমগীর কবির আর ব্যাংকের চেয়ারম্যান পদে না থাকারও ঘোষণা দেন। এজিএমে সাউথইস্ট ব্যাংক ২০২৩ সালের শেয়ারহোল্ডারদের জন্য ১০ শতাংশ লভ্যাংশ অনুমোদন করেছে। এর মধ্যে ৬ শতাংশ নগদ ও ৪ শতাংশ বোনাস শেয়ার বা স্টক লভ্যাংশ।

এদিকে ব্যাংকটির ওয়েবসাইট থেকে পরিচালকদের নাম সরিয়ে ফেলা হয়েছে। একজন সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, পুরোনো তিন পরিচালক পর্ষদে যুক্ত হয়েছেন। বিভিন্ন কমিটি গঠনের প্রক্রিয়া চলছে। সেটি সম্পন্ন হলেই ওয়েবসাইটে আবার পরিচালকদের নাম প্রকাশ করা হবে। এজিএমে ব্যাংকের ভাইস চেয়ারম্যান আকিকুর রহমান, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এমএ কাশেম, সাবেক চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, পরিচালক দুলুমা আহমেদ, জোসনা আরা কাশেম, রেহানা রহমান ও নাসির উদ্দিন আহমেদ; প্রতিনিধি পরিচালক রফিকুল ইসলাম, স্বতন্ত্র পরিচালক মোহাম্মদ দেলোয়ার হোসেন, ব্যবস্থাপনা পরিচালক (এমডি) নুরুদ্দীন মো. ছাদেক হোসাইন অংশ নেন।